

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র-১ শাখা
www.motj.gov.bd ;

নং-২৪.০০.০০০০.১১৫.১১.০০১.১৬- ২১৫

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৭-১২-২০১৭ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২১২৮.১৭.৪৪৪ নং পত্রের সুপারিশকৃত নিম্নোক্ত প্রার্থীকে বস্ত্র অধিদপ্তর পরিচালিত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের জন্য রাজস্ব খাতভুক্ত সুপারিনটেনডেন্ট পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ৩৫,৫০০-৬৭০১০/- টাকা বেতনক্রমে (৬ম গ্রেডে) স্থায়ীভাবে ও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে তার নামের পার্শ্বে উল্লিখিত পদে নিয়োগ প্রদান করা হলোঃ


ক্রঃ নং	প্রার্থী ও পিতা-মাতার নাম এবং রেজিঃ নং	পদের নাম	স্থায়ী ঠিকানা
০১।	জনাব মোঃ রেজাউল করিম পিতাঃ মোঃ ছানাউল ইসলাম মাতাঃ বুখসানা বেগম রেজিঃ নং-০০০০৩৬ (মুক্তিযোদ্ধার সন্তান)	সুপারিনটেনডেন্ট	হোল্ডিং নং-২৩৭৮ গ্রামঃ ধাওয়াপাড়া ডাকঘরঃ বগুড়া উপজেলাঃ বগুড়া সদর জেলাঃ বগুড়া

০২। শর্তাবলীঃ

- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ১৯-০৪ -২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পরিচালক, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা বরাবরে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন মর্মে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- বস্ত্র অধিদপ্তরের নিয়োগবিধি অনুযায়ী চাকুরী স্থায়ীকরণের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলী পরিপালন হওয়ার পরেই কেবল সংশ্লিষ্ট পদের চাকুরীতে স্থায়ী করা হবে;
- যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকুরীতে যোগদানকালে তাঁর যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঞ্জীকার নামা (বন্ড) সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য যৌতুক নিবেন না বা যৌতুক দিবেন না;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে; এবং
- চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(বেবী পারভীন)

উপসচিব

ফোনঃ ৯৫১ ৫৫ ৯০

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য।